


# বাংলাদেশের প্রাথমিক শিক্ষায় চীনা ভাষা অন্তর্ভুক্তের প্রস্তাব

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১১:২০, ২৬ ডিসেম্বর ২০২৪



Travel packages

ছবি: ইন্টারনেট

বাংলাদেশের প্রাথমিক ও শিক্ষায় চীনা ভাষা অন্তর্ভুক্তির গুরুত্ব এবং প্রাথমিক ও শিক্ষা উন্নয়নে সহযোগিতার ক্ষেত্র সম্প্রসারণে আগ্রহ প্রকাশ করেছেন বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন।

UNIBOTS

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা অধ্যাপক ডা. বিধান রঞ্জন রায় পোদ্দারের সঙ্গে সাক্ষাৎকালে রাষ্ট্রদূত এ বিষয়গুলো নিয়ে আলোচনা করেন। সোমবার সচিবালয়ে উপদেষ্টার অফিস কক্ষে এই বৈঠক অনুষ্ঠিত হয়।

বৈঠকে চীনা রাষ্ট্রদূত স্বাধীনতার পর থেকে বাংলাদেশের সঙ্গে চীনের গভীর কূটনৈতিক সম্পর্কের ঐতিহ্য উল্লেখ করেন। তিনি বলেন, "বর্তমান অন্তর্বর্তী সরকার গঠনের পর চীন জুলাই-আগস্টের ছাত্রজনতার আন্দোলনে আহতদের চিকিৎসা সেবা দিয়েছে এবং সেপ্টেম্বরে বন্যার্তদের পাশে দাঁড়িয়েছে।"

রাষ্ট্রদূত দুই দেশের মধ্যে সাংস্কৃতিক বিনিময়ের ওপর গুরুত্বারোপ করেন এবং প্রাথমিক শিক্ষায় চীনা ভাষা অন্তর্ভুক্তির প্রস্তাব দেন। এছাড়া, বাংলাদেশের বিভিন্ন প্রকল্পে চীনের বিনিয়োগ এবং প্রাথমিক শিক্ষা উন্নয়নে সহযোগিতার ক্ষেত্র বাড়ানোর আগ্রহও প্রকাশ করেন।

[Travel packages](#)

এই বৈঠক পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়গুলো নিয়ে আলোচনা এবং ভবিষ্যৎ সহযোগিতার পথ উন্মুক্ত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে ধারণা করা হচ্ছে।